# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**03 DECEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার আজ নতুনদিল্লিতে তিন কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ/ আসন্ন অ্যাডভান্টেজ আসাম'এর দ্বিতীয় পর্বে তাদের আমন্ত্রণ/

(২) প্রত্যেক দিব্যাঙ্গ ব্যক্তির অধিকার এবং তাদের সর্বাঙ্গীন উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে আজ আর্ন্তজাতিক দিব্যাঙ্গ দিবস পালিত/

(৩) রাজ্যজুড়ে আজ থেকে তিনদিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে তৃতীয় স্বাস্থ্যসেবা উৎসব/ বরাক উপত্যকায়ও স্বাস্থ্যকেন্দ্রগুলিতে এই উৎসবের আয়োজন/

এবং

(৪) গুয়াহাটিতে মাস্টার্স সুপার হান্ডরেড আর্ন্তজাতিক বেডমিন্টন আরম্ভ/ আসাম কন্যা ঈষা রাণীর মূল রাউন্ডে খেলার সুযোগ/

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ নতুনদিল্লিতে কেন্দ্রীয় মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়ার সঙ্গে এক আলোচনায় মিলিত হন । এই আলোচনায় উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রণালয়ের দ্বারা আয়োজিত অষ্টলক্ষ্মী মহোৎসব এবং রাজ্যে চলতি উন্নয়নমূলক প্রকল্পগুলির সঙ্গে সম্পর্কিত বিষয়গুলি সম্বন্ধে আলোচনা করা হয় । আলোচনাকালে ডঃ শর্মা আগামী

ফেব্রুয়ারি মাসে গুয়াহাটিতে অনুষ্ঠেয় অ্যাডভান্টেজ আসাম'এর দ্বিতীয় সংস্করণের সম্মেলনে শ্রী সিন্ধিয়াকে আমন্ত্রণ জানান । মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি'র রাষ্ট্রীয় অধ্যক্ষ জে পি নাড্ডার সঙ্গেও সাক্ষাৎ করেন । তাঁর এই সাক্ষাৎকালে ডঃ শর্মা স্বাস্থ্যসেবা ক্ষেত্রকে সমর্থন করার জন্য পি এম জে এ ওয়াই, আয়ুষ্মান আরোগ্য মন্দির এবং অন্যান্য কেন্দ্রীয় প্রকল্প রূপায়ণে আসামে হওয়া অগ্রগতির বিষয়ে অবগত করান । একইসঙ্গে মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় মন্ত্রীকে অ্যাডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণে তাঁকে আমন্ত্রণ জানিয়েছেন । এদিকে মুখ্যমন্ত্রী ড: শর্মা কেন্দ্রীয় পথ পরিবহন ও জাতীয় সড়ক মন্ত্রী নীতিন গাড়কারীর সঙ্গেও সাক্ষাৎ করেন।

---------------------------------------------------------------------------------------

প্রত্যেক দিব্যাঙ্গের অধিকার এবং তাদের সর্বাঙ্গীন উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে আজ আর্ন্তজাতিক দিব্যাঙ্গ দিবস পালন করা হয়েছে । আসামেও আজ রাজ্যসরকারের সামাজিক ন্যায় এবং সবলীকরণ বিভাগের উদ্যোগে শ্রীমন্ত শঙ্করদেব আর্ন্তজাতিক প্রেক্ষাগৃহে দিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে আর্ন্তজাতিক দিব্যাঙ্গ দিবস পালন করা হয়েছে । এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে বিভাগীয় মন্ত্রী পীযূষ হাজারিকা অংশগ্রহণ করেন । তাঁর বক্তব্যে মন্ত্রী শ্রী হাজারিকা রাজ্যসরকার দিব্যাঙ্গদের কল্যাণে গ্রহণ করা পদক্ষেপ সমূহের বিষয়ে উল্লেখ করেন । পৃথিবীর ১৬ শতাংশ ব্যক্তি দিব্যাঙ্গ এবং আসামেও কয়েক হাজার দিব্যাঙ্গ লোক রয়েছেন বলে উল্লেখ করে তিনি বলেন যে- তাদের সাথে নিয়ে সমাজের কাজ করার জন্যে রাজ্যসরকার প্রয়াস করে আসছে। শ্রী হাজারিকা আজ আর্ন্তজাতিক দিব্যাঙ্গ দিবস উপলক্ষে কেন্দ্রীয় সরকারের সামাজিক ন্যায় ও সবলীকরণ মন্ত্রণালয়ের আওতাধীন গুয়াহাটির বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের দক্ষতা বিকাশ, পুর্নবাসন এবং সবলীকরণের সুসংহত ক্ষেত্র পর্যায়ের কেন্দ্র অর্থাৎ সি আর সি'র উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত থাকেন । এই অনুষ্ঠানে তিনি দিব্যাঙ্গ ব্যক্তিদের সমাজে সমান অংশগ্রহণের বিষয়টি সুনিশ্চিত করতে সবাইকে একযোগে চেষ্টা চালিয়ে যেতে হবে বলে উল্লেখ করেন ।

এদিকে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু দিব্যাঙ্গ লোকেদের সবলীকরণের জন্য উল্লেখযোগ্য অবদান রাখা ৩৩ জন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে আজ নতুনদিল্লিতে জাতীয় পুরস্কার প্রদান করেন । অনুষ্ঠানে কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও সবলীকরণ বিভাগের মন্ত্রী ডঃ বীরেন্দ্র কুমার দিব্যাঙ্গদের জীবন সুগম করে তোলার উদ্দেশ্যে গ্রহণ করা ১৬টি বিশেষ পদক্ষেপের কথা ঘোষণা করেন । সামাজিক পরিবর্তনকে উৎসাহিত করার উদ্দেশ্যে সরকারী ও বেসরকারী সংস্থার প্রতিনিধি, বিশেষজ্ঞ ও বিভিন্ন ক্ষেত্রের সুবিধাপ্রাপকদের একত্রিত করাই এই দিবসের মূল উদ্দেশ্য ।

এছাড়া রাজ্যের বিভিন্ন স্থানেও আজ এই দিবস উপলক্ষে আলোচনা সভা সহ অন্যান্য অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

অসম গণপরিষদের কার্যনির্বাহকদের এক বর্ধিত সভা আজ দলের আমবাড়ির মুখ্য কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে । দলের সভাপতি অতুল বরার পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় আসন্ন পঞ্চায়েত নির্বাচন ও স্বশাসিত পরিষদ সমূহের নির্বাচনের প্রস্তুতি সম্পর্কে বিশদভাবে আলোচনা করা হয় । সভার শুরুতে বঙাইগাও বিধানসভা কেন্দ্রের নবনির্বাচিত বিধায়ক দিপ্তিময়ী চৌধুরীকে সংবর্ধনা দেওয়া হয় । সভায় দলের কার্যকরী সভাপতি কেশব মহন্ত, সাংসদ বীরেন্দ্র প্রসাদ বৈশ্য, ফণীভূষণ চৌধুরী সহ দলীয় বিধায়ক এবং দলের কেন্দ্রীয় নেতৃবর্গ, জেলা সমিতিগুলির সভাপতি ও সম্পাদকগণ উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সংসদীয় পরিক্রমা বিভাগের মন্ত্রী কিরেন রিজিজু বলেন যে দেশকে সুষ্ঠুভাবে পরিচালনা করতে হলে সংসদের কাজকর্ম ফলদায়ক হতে হবে ।সংসদে বিরোধি দলের সাংসদদের সৃষ্টি করা পরিস্থিতি সম্পর্কে কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে সংসদের কাজকর্ম বাধাগ্রস্থ হলে এর ফল সমগ্র দেশকে ভোগ করতে হবে ।শ্রী রিজিজু বলেন যে লোকসভায় আগামী ১৩ ও ১৪ ডিসেম্বর সংবিধান সম্পর্কে আলোচনা অনুষ্ঠিত হবে ।অনুরূপভাবে রাজ্যসভায়ও ১৬ ও ১৭ ডিসেম্বর সংবিধান সম্পর্কে আলোচনা করা হবে বলে তিনি জানান ।

-----------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার মহিলাদের উন্নয়নের প্রতি দায়বদ্ধ বলে কেন্দ্রীয় মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রী অন্নপূর্ণা দেবী জানান ।নতুন দিল্লীতে এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন যে দেশে মহিলা কেন্দ্রীক উন্নয়ন নিশ্চিত করার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নির্ধারিত লক্ষ্যের অধীনে প্রতিটি ক্ষেত্রে মহিলাদেরকে নেতৃত্ব দেবার সুযোগ প্রদান করা হচ্ছে ।মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রনালয় সম্প্রতি কন্যাদের দক্ষতা বিকাশের জন্য দক্ষতা বিকাশ মন্ত্রনালয়ের সঙ্গে সমঝোতা চুক্তিতে স্বাক্ষর করেছে বলেও তিনি জানান ।

-----------------------------------------------------------------------------------------

আসামের স্বাস্থ্যক্ষেত্রের পরিকাঠামো উন্নীতকরণ ও জনসাধারণকে গুণগতমান সম্পন্ন স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে সমগ্র আসামে আজ থেকে তিনদিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে তৃতীয় স্বাস্থ্য সেবা উৎসব অনুষ্ঠিত হচ্ছে । ২০২২ সাল থেকে বিদ্যালয়ের গুণোৎসবের মতো রাজ্যের স্বাস্থ্যক্ষেত্রের সর্বাত্মক মূল্যায়নের জন্য এই কার্যসূচী গ্রহণ করে আসা

হচ্ছে । এই উৎসবের সময়কালে রাজ্যের প্রায় একহাজার ছশো স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসা সেবা এবং পরিকাঠামোর মূল্যায়ন করা হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------------

বরাক উপত্যাকার তিন জেলায়ও আজ থেকে স্বাস্থ্য সেবা উৎসবের তৃতীয় পর্যায় শুরু হয়েছে ।

শ্রীভূমি জেলায় এই উৎসবের আজ প্রথম দিনে স্বাস্থ্য সেবা প্রদানের মান উন্নত করার লক্ষ্যে মোট ১৮ টি স্বাস্থ্য কেন্দ্রের মূল্যায়ন করা হয় ।শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের প্রবীণ শিক্ষক এবং বিভিন্ন জেলা স্তরের কর্মকর্তারা স্বাস্থ্যকেন্দ্রগুলোর সুবিধা , পরিষেবা ইত্যাদির মূল্যায়ন  করেন । এই স্বাস্থ্য সেবা উৎসবে পুলিশ সুপার পার্থপ্রতিম দাস , অতিরিক্ত পুলিশ সুপার অমিতরাজ রায় সহ পুলিশের শীর্ষ আধিকারীকরাও অংশগ্রহণ করেন ।এই মূল্যায়ন প্রক্রিয়ায় স্বাস্থ্যসেবার মান উন্নয়ন এবং জনসাধারণের জন্য ন্যায়সংগত ও দক্ষ স্বাস্থ্যসেবা নিশ্চিত করার উপর গুরুত্ব আরোপ করা হয় ।

-----------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায়ও আজ থেকে স্বাস্থ্যসেবা উৎসবের তৃতীয় পর্যায় আরম্ভ হয়েছে । জেলার ২৬ টি স্বাস্থ্যকেন্দ্রের মূল্যায়ন করা হয় । হাইলাকান্দি এস কে রায় সিভিল হাসপাতালের মূল্যায়ন প্রক্রিয়ায় বর্হিমূল্যায়ক হিসেবে অংশগ্রহণ করে শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ ফারুক আহমেদ চৌধুরী এবং পশু শল্য চিকিৎসক জয়ন্ত চৌধুরী হাসপাতালের বিভিন্ন সুযোগ সুবিধা খতিয়ে দেখেন এবং হাসপাতালে ভর্তি রোগী ও তাদের আত্মীয়দের সঙ্গে মত বিনিময় করেন ।

-----------------------------------------------------------------------------------------

কাছাড় জেলায়ও অনুরূপভাবে স্বাস্থ্সেবা উৎসবের তৃতীয় পর্যায় শুরু হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

আসামের ঈষারাণী বড়ুয়া গুয়াহাটি মাস্টার্স ২০২৪ আর্ন্তজাতিক বেডমিন্টন প্রতিযোগিতায় সরাসরি মূল রাউন্ডে খেলার যোগ্যতা অর্জন করেছে । প্রতিযোগিতার সূচীতে ঈষারাণীকে মহিলাদের একক শাখায় মূল রাউন্ডে খেলার সুযোগ দেওয়া হয়েছে । সেই অনুসারে আগামীকাল তিনি রাউন্ড অব থার্টি-টু’র ম্যাচে অংশ নেবেন । এদিকে গুয়াহাটির সরুসজাই ক্রীড়া প্রকল্পের কর্মবীর নবীন চন্দ্র বরদলৈ ইনডোর স্টেডিয়ামে আজ থেকে এই প্রতিযোগিতার কোয়ালিফায়িং রাউন্ডের খেলা আরম্ভ হয়েছে । প্রতিযোগিতায় পুরুষ ও মহিলাদের সিঙ্গল্স ও ডাবল্স সহ মিক্সড শাখার খেলাও অনুষ্ঠিত হয় । উল্লেখ্য- ভারতীয় বেডমিন্টন ফেডারেশনের সহযোগিতায় আসাম

বেডমিন্টন সংস্থা ক্রমাগত দ্বিতীয় বারের জন্য গুয়াহাটিতে আয়োজন করা এই প্রতিযোগিতায় বিশ্বের ২৩টি দেশের ৪৬১ জন প্রতিযোগী অংশগ্রহণ করছে । মোট একলক্ষ আমেরিকান ডলার প্রাইজমানি থাকা এই প্রতিযোগিতা আগামী ৮ ডিসেম্বর শেষ হবে ।

--------------------------------------------------------------------------------------------------

বড় ভাইকে খুনের অপচেষ্টার দায়ে হাইলাকান্দি জেলার এক অভিযুক্ত যুবককে আজ হাইলাকান্দির জেলা ও দায়রা জজের আদালতে দশ বছরের সশ্রম কারাদন্ডে দন্ডিত করা হয়েছে । একইসঙ্গে তাকে ৫ হাজার টাকা জরিমানা এবং অনাদায়ে আরো একমাসের কারাদন্ডের নির্দেশ দেওয়া হয়েছে । এজাহারে বলা হয়েছে যে- হাইলাকান্দির রামনাথপুর থানার অন্তর্গত জামিরা তৃতীয় খন্ডে পারিবারিক কলহের জেরে ছোটভাই বড়ভাইকে ধারালো দা নিয়ে আঘাত করে । এতে বড়ভাই গুরুতরভাবে আহত হন । মামলার তদন্তের শেষে চার্জশিট জমা দেওয়া হলে হাইলাকান্দির জেলা ও দায়রা জজ বিভিন্ন পক্ষের শুনানি গ্রহণ করে সাক্ষ্য প্রমাণের ভিত্তিতে চূড়ান্ত রায় ঘোষণা করেন । আজ আইনজীবি দিবসে এই গুরত্বপূর্ণ রায়টি বিচার ব্যবস্থার প্রতি জনসাধারণের আস্থা আরো বৃদ্ধি করবে বলে এই মামলার আইনজীবি দেবজিৎ চক্রবর্তী মন্তব্য করেছেন ।

--------------------------------------------------------------------------------------------------

শিলচরের শহীদ ক্ষুদিরাম মূর্তি স্মৃতি রক্ষা কমিটির উদ্যোগে আজ স্বাধীনতা সংগ্রামী শহীদ ক্ষুদিরাম বসুর ১৩৬তম জন্ম জয়ন্তী যথাযোগ্য মর্য্যাদায় পালন করা হয়েছে । কমিটির পক্ষ থেকে আজ সকালে শহীদ ক্ষুদিরাম মূর্তির পাদদেশে শ্রদ্ধা জানানো হয় । এদিকে এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের কাছাড় জেলা কমিটির পক্ষ থেকেও আজ ক্ষুদিরাম বসুর প্রতি শ্রদ্ধা জানানো হয়েছে । দলের পক্ষ থেকে ভবতোষ চক্রবর্তী , আপনলাল দাস, বিজিৎ কুমার সিনহা প্রমূখ উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------------------------

শিলচর পূর্ত বিভাগের কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে শিলচর শহরের জানিগঞ্জ থেকে কালীবাড়ি রোড পর্য্যন্ত সড়কের বিটুমিন কাজের জন্য প্রতিদিন রাত নটা থেকে সকাল ছটা পর্য্যন্ত এই সড়ক দিয়ে সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে । বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে আগামী ৭ই ডিসেম্বর পর্য্যন্ত রাত নটা থেকে সকাল ৬টা পর্য্যন্ত এই সড়ক বন্ধ থাকবে ।

--------------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায় আগামী ১৬ ই ডিসেম্বর থেকে শুরু হবে ।এবার সপ্তাহব্যাপী অনুষ্ঠেয় গ্রামসভার মাধ্যমে অরুণোদয় প্রকল্পের

হিতাধিকারী বাছাই করা হবে ।এর পরিপ্রেক্ষিতে জেলায় ১৬ ডিসেম্বর থেকে ২২ ডিসেম্বর পর্যন্ত বিশেষ গ্রামসভা আয়োজন করার প্রস্তুতি অব্যাহত রয়েছে ।জেলার দুটি বিধানসভা কেন্দ্রের ৫৬ হাজার ৮৭০ জন নতুন হিতাধিকারীর নাম এই প্রকল্পের অন্তর্ভুক্ত করা হবে ।এরমধ্যে হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রের ৩০ হাজার এবং আলগাপুর - কাটলিছড়া বিধানসভা কেন্দ্রের প্রায় ২৬ হাজার হিতাধিকারীকে অন্তর্ভুক্ত করা হবে ।এরজন্য প্রতিটি গ্রামপঞ্চায়েতে সচেতনতা কর্মসূচীও পালিত হবে প্রকল্পটি সফল রূপায়নের জন্য গ্রাম পর্যায়ে আশাকর্মী ও অঙ্গনওয়াড়ি কর্মীদের সহায়তায় বিশেষ পরিকল্পনাও গ্রহণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------